২০৮

ভোরের কাগজ

তারিখ ... JUL 1 9 1999
পৃঃ ৪ কলাম ৭

## ময়মনসিংহে শহীদ নজরুল কলেজ প্রসঙ্গে

সম্প্রতি শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মৃতি পরিষদের উদ্যোগে শহরের মুসলিম ইনস্টিটিউটের পশ্চিমে কাশি কিশোর টেকনিক্যাল স্কুলের খালি জায়গায় '৭১-এর মুজিবনগর সরকারের উপরাষ্ট্রপতি শহীদ সৈয়দ নজরুল ইসলামের নামে একটি কলেজ স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কলেজে ছাত্র ভর্তির ফরম বিক্রি শুরু হয়েছে। কলেজের অধ্যক্ষ নিযুক্ত হয়েছেন আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজের সাবেক অধ্যক্ষ শামছুল ইসলাম। কলেজের অরগানাইজিং কমিটির আহ্বায়ক হচ্ছেন স্মৃতি পরিষদের আহ্বায়ক এডভোকেট এম জুবেদ আলী। সৈয়দ নজরুল ইসলাম পাকিস্তান আমলে আনন্দমোহন কলেজের ইতিহাস বিভাগের অধ্যাপক ছিলেন। পরবর্তী সময়ে তিনি ময়মনসিংহ জেলা বারের সদস্য হিসেবে ওকালতি করেছেন। তার প্রতি সম্মান প্রদর্শন ব্যতীতও ময়মনসিংহ শহরে একটি উন্নতমানের ইন্টারমিডিয়েট কলেজ স্থাপন করা অত্যাবশ্যক। আনন্দমোহন কলেজ বিশ্ববিদ্যালয় কলেজে রূপান্তরিত হওয়ার পর ময়মনসিংহের ভালো মেধাবী ছাত্রছাত্রীদের পড়ার জন্য সরকারি কোনো ইন্টারমিডিয়েট কলেজ নেই। তাই শহীদ সৈয়দ নজরুল ইসলামের নামে একটি ভালো ইন্টারমিডিয়েট কলেজ স্থাপনের শুভ উদ্যোগ সার্থক এবং সফল হওয়া কাম্য।

যতোটুকু জানা গেছে, সরকারি নিয়মানুযায়ী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ব্যতীত অপর কোনো ব্যক্তির নামে কোনো প্রতিষ্ঠান নির্মাণ করতে ২৫ লাখ টাকা দেওয়ার বিধান রয়েছে। এছাড়া ১৯৯৯-এর মার্চের মধ্যে যারা দরখাস্তযোগে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের অনুমতি প্রার্থনা করেছেন তারাই এবারের সেশনে ইন্টারমিডিয়েট কলেজে ছাত্রছাত্রী ভর্তি করতে পারবেন। শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজের বেলায় উপরেক্ত দুটি নিয়াম উপযুক্ত সর্বোচ্চ কর্তৃপক্ষের অনুমোদনে শিথিল করার আবেদন জানাই।

ময়মনসিংহবাসী আশা করছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার মন্ত্রিপরিষদ আইনের এই বাধ্যবাধকতা শিথিল করে বর্তমান সেশন থেকেই শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজে ছাত্র ভর্তি শুরু করার সুযোগ করে দেবেন।

ভুবন মোহন দাস গুপ্ত
জজকোর্ট, ময়মনসিংহ